# উদ্ভিদ ও উদ্ভিদ জাতীয় পণ্য আমদানি রপ্তানিতে আমদানি ও রপ্তানিকারকদের বাধ্যতামূলক করণীয় বিষয় সমূহ ঃ

বর্তমান বিশ্বে উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য আমদানি-রপ্তানিতে WTO-SPS Agreement এবং IPPC কর্তৃক Adopted বিধি বিধান ও গাইড লাইন অনুসরণ করা সকল দেশের জন্য বাধ্যতামূলক (Mandatory) । বাংলাদেশ WTO এবং IPPC তে স্বাক্ষরপ্রদানকারী দেশ হিসেবে এর ব্যতিক্রমী হওয়ার সুযোগ নেই।

WTO-SPS Agreement এর *A rticle 2*, ধারা-১ এ বলা হয়েছে সদস্য রাস্ট্রসমূহ তাদের দেশের মানুষ, উদ্ভিদ ও প্রাণিকে রক্ষার জন্য sanitary and phytosanitary ব্যবস্থা গ্রহনের অধিকার রয়েছে। উক্ত Agreement এর ধারাবহিকতায় IPPC তার Basic Principles এর ১.১ এর উপধারায় আরো শক্ত ভাবে বর্ণনা করেছে Contracting parties have sovereign authority, in accordance with applicable international agreements, to prescribe and adopt phytosanitary measures to protect plant health within their territories and to determine their appropriate level of protection for plant health। ফলে যে কোন দেশ অন্য কোন দেশে উদ্ভিদ ও উদ্ভিদ জাতীয় পণ্য রপ্তানি করতে চাইলে আমদানিকারকদেশের Phytosanitary Import Requirements পূরণ করেই পণ্য রপ্তানি করতে বাধ্য আর যদি এর ব্যত্যয় ঘটে তাহলে আমদানিকারক দেশ সে পণ্য প্রবেশ নিষিদ্ধ, প্রবেশে বাধা প্রদান কিংবা ধ্বংস করতে অথবা ফেরৎ প্রদান করতে পারবে কিংবা শোধন সাপেক্ষে দেশে প্রবেশের অনুমতি প্রদান করতে পারে। উল্লেখ্য যে, এজন্য প্রতিটি দেশই IPPC কর্তৃক Adopted বিধি বিধান এবং গাইড লাইন অনুযায়ী নিজ দেশের Appropriate Level of Protection কে সীমারেখা ধরে আইন করে তাদের দেশে কোন কোন উদ্ভিদ ও উদ্ভিদ জাতীয় পণ্য কি কি শর্তাধীনে প্রবেশ করবে তা নিশ্চিত করেছে।

বাংলাদেশে উৎপাদক পর্যায় থেকে শুরু করে আমদানি-রপ্তানিকারক এবং প্রায় সকল পর্যায়ের ব্যক্তিবর্গের সংশ্লিষ্ট বিষয়ে ধারণা না থাকায় বা অসচ্ছ ধারণা থাকায় উদ্ভিদ ও উদ্ভিদ জাতীয় পণ্য আমদানি রপ্তানি বিশেষ করে রপ্তানির ক্ষেত্রে বিষয়টি দিন দিন জটিল হয়ে পড়েছে। SPS Measure কে অনেকে Trade Restrictive মনে করলেও প্রকৃতপক্ষে Measure টি WTO-SPS Agreement হওয়ায় এটি ব্যবসা বান্ধব কারণ যে সকল দেশ SPS Measure অনুসরণ করতে পারছে অর্থাৎ আমদানিকারক দেশের আমদানি শর্ত পূরণ করে রপ্তানি করতে পারছে তাদের রপ্তানি দিন দিন বাড়ছে। এর উদাহরন হিসেবে আমরা দেখতে পাই থাইল্যান্ড, ভিয়েতনাম, ফিলিপাইন, মালয়েশিয়া, ভারত, কেনিয়া প্রভৃতি দেশ সমূহ তাদের দেশের উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে আমদানিকারক দেশের চাহিদা মিটিয়ে পণ্য উৎপাদন করছে, যেমনঃ ভারতের আম ফ্রুট ফ্লাইয়ের উপস্থিতির কারণে ২০১৪ সনে ইউরোপীয়ান ইউনিয়নে নিষিদ্ধ হলে তড়িঘড়ি করে ভারত ২০১৪ সনেই ইইউ'র সাথে আলোচনা করে ভারতের কোয়ারেন্টিন ডিপার্টমেন্টকে সম্পৃক্ত করে ফ্রুট ফ্লাই মুক্ত আম উৎপাদনের ব্যবস্থা নেয় এবং ২০১৫ সনে তাদের আম রপ্তানিতে কোন সমস্যা হয়নি। তাছাড়া ভারত আমেরিকায় আমের বাজার ধরার জন্য Irradiation Facility তৈরি করে এবং অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে বাজার সম্প্রসারণের জন্য Market Access চেয়ে Aplication করে। উল্লেখ্য যে, SPS শর্ত পূরণ ব্যতিত কোন দেশে উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্য প্রবেশ করতে পারেনা এবং কোন দেশের Super Market এ পণ্য প্রবেশ করাতে হলে SPS শর্ত পূরণ সহ GAP Certification এর প্রয়োজন হয়। বাজার থেকে পণ্য ক্রয় করে রপ্তানি করা হলে আমদানিকারক দেশের শর্ত পূরণ হওয়ার সম্ভবনা থাকেনা বিধায় পণ্যের Interception হতে থাকে এবং এক সময় পণ্যটি আমদানিকারক দেশে প্রবেশ নিষিদ্ধ করে দেয়। *Salmonella* bacteria পানের রোগ না হলেও ২০১১ সনে ইংল্যান্ডে বাংলাদেশ থেকে প্রেরিত পানে এর অস্তিত্ব ধরা পড়লে তারা বাংলাদেশকে বার বার নোটিফাই করে এবং উদ্ভিদ সংগনিরোধ পানের জন্য পিসি প্রদান বন্ধ রাখলেও পিসি ব্যতিত পান রপ্তানি হওয়ায় ২০১৩ সাথে ইইউ বাংলাদেশ হতে পান আমদানিতে ১ বছরের জন্য নিষেধাজ্ঞা দেয় কিন্তু বাংলাদেশ কার্যকর ব্যবস্থা নিতে না পারায় উক্ত নিষেধাজ্ঞার মেয়াদ জুন/২০১৫ মাসে জুন/২০১৬ পর্যন্ত বৃদ্ধি করে। ঠিক তেমনিভাবে আমাদের প্রধান প্রধান রপ্তানিকৃত সবজিতে বার বার Interception হওয়ার কারণে যে কোন সময়ে ইইউতেপণ্যগুলো রপ্তানি নিষিদ্ধ হয়ে যেতে পারে। অথচ রপ্তানিযোগ্য এসকল পণ্যগুলো উৎপাদন শুরুর পর্যায় থেকে তদারকি করলে পণ্যের Interception একবারে নামিয়ে আনা সম্ভব হবে ফলে রপ্তানিও বহুলাংশে বৃদ্ধি পাওয়া নিশ্চিত করা যাবে।
**নিম্নে রপ্তানিযোগ্য বাংলাদেশী পণ্যের বিভিন্ন দেশের Phytosanitary Import Requirements দেখানো হলেঃ**

| ক্রঃ নং | উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্যের নাম | আমদানিকারক দেশের নাম | আমদানিকারক দেশে প্রবেশে শর্ত **Phytosanitary Import Requirements** | আমদানিকারক দেশে **Super Market** এ প্রবেশের শর্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ক. **কাকরল, করলা,বরবটি** | ইউকে, ইটালী, জার্মানী, ফ্রান্স, ডেনমার্ক,সুইডেন ইত্যাদি দেশ | ফলের Fruit Fly (মূলতঃ *Bactocera Dorsalis*), Thrips(মূলতঃ *Palmi*) মুক্ত মর্মে Phytosanitary Certificate(PC) থাকতে হবে। | PC সহ সতেজ পণ্য উন্নত প্যাকেজে এবং GAP Certification | |
| | খ. **কুমড়া জাতীয়** (চিচিংগা , ঝিংগা, লাউ, ধুন্দুল, চালকুমড়া ইত্যাদি) | ঐ | ফলের মাছি পোকা, থ্রিপস্ মুক্ত মর্মে PC থাকতে হবে। | ঐ | |
| | গ. **বেগুন** | ঐ | মূলতঃ থ্রিপস্ মুক্ত সহ PC থাকতে হবে। | ঐ | |
| | ঘ. **পাতা জাতীয় সবজি** (লালশাক,ডাঁটাশাক,পাটশাক, পুদিনা পাতা, তুলশি পাতা, পুঁইশাক ইত্যাদি) | ঐ | সাদামাছি, থ্রিপস্, লিফ মাইনর, স্পোডোপটেরা ইত্যাদি মুক্ত মর্মে PC থাকতে হবে। | ঐ | |
| | ঙ. **অন্যান্য সবজি** | ঐ | বালাইমুক্ত মর্মে PC থাকতে হবে। | ঐ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২। | **সকল প্রকার শাক-সবজি ও ফলমূল** | মধ্য প্রাচ্য | উন্নত প্যাকেজিং সহ সতেজ পণ্য এবং উদ্ভিদ স্বাস্থ্য সনদ (PC) | ঐ | |
| ৩। | **লেবু জাতীয় ফল** (জারালেবু,সাতকরা, জামির, আদালেবু, কাগজীলেবু, এলাচলেবু ইত্যাদি) | ইউকে, ইটালী, জার্মানী, ফ্রাঞ্চ, ডেনমার্ক,সুইডেন ইত্যাদি দেশ | ক্যাংকার, Citrus Black Spot (কালো দাগ) মুক্ত এবং সাবান জাতীয় পদার্থ (Sodium OrthoPhenyl Phenate)দ্বারা লেবু জাতীয় ফল ধৌত করণ সহ বালাইমুক্ত এলাকা থেকে লেবু সংগ্রহ করা হয়েছে মর্মে PC তে ঘোষণা | ঐ | |
| ৪। | **ফল**<br>ক. আম | ঐ | ফলের মাছি পোকা (ফ্রুট ফ্লাই বিশেষতঃ *Bactrocera Dorsalis*), পাল্প উইভিল, স্টোন উইভিল মুক্ত আম Hot Water Treatment/Vapour Heat Treatment এর মাধ্যমে শোধন সহ PC থাকতে হবে। | ঐ<br>সহ এম আরএল টের্স্ট রিপোর্ট | |
| | ঐ | জাপান, কোরিয়া | প্রবেশ নিষিদ্ধ | - | Prohibition উত্তোলনের উপায় জাপান কর্তক জানানো হয়েছে |
| | **খ. অন্যান্য ফল** (কাঁঠাল,লিচু,লটকন) | ইউকে, ইটালী, জার্মানী, ফ্রাঞ্চ, ডেনমার্ক,সুইডেন ইত্যাদি দেশ | বালাইমুক্ত এবং উদ্ভিদ স্বাস্থ্য সনদ সহ উন্নত প্যাকেজিং | | |
| ৫। | **আলু** | মধ্যপ্রচ্য, মালয়েশিয়া, রাশিয়া, শ্রীলংকা, সিংগাপুর, ভিয়েতনাম ইত্যাদি দেশসমুহ | রাশিয়ার জন্য ঃ ব্রাউন রট, সিস্ট নিমাটোড এবং পটেটো টিউবার মথ মুক্ত হতে হবে। তবে এই শর্ত সমূহ পূরণ হয়েছে মর্মে রাশিয়াকে প্রথমে জানাতে হবে। রাশিয়া ব্যতিত অন্যন্য দেশের জন্য শুধুমাত্র বালাইমুক্ত, সতেজ এবং PC সহ উন্নত প্যাকেট জাত আলু | ইইউতে আলু রপ্তানিতে নিষেধাজ্ঞা রয়েছে এবং অন্যান্য দেশের জন্য তাদের নিজস্ব আমদানি শর্ত রয়েছে | |
| ৬। | **চাল** | ইউএসএ, কানাডা, ইইউ, মধ্যপ্রাচ্য | Khapra Beetle পোকা মুক্ত PC থাকতে হবে। ফিউমিগেশনের মাধ্যমে এই পোকা মুক্ত করে Phytosanitary Import Requirements পূরণ করা যায়। | Khapra Beetle পোকা মুক্ত থাকলে Super Market এ প্রবেশে সমস্যা হয়না | |
| ৭। | **পাট ও পাটজাত দ্রব্য** | রাশিয়া, ইরান, তুরস্ক, সিরিয়া, মিশর, ভারত, পাকিস্তান, মেক্সিকো ইইউ,ভিয়েতনাম, চিলি, কোরিয়া সহ ২৫টি দেশে | ঐ | ঐ | |
| ৮। | **ফুড স্টাফ** (মুড়ি, চিড়া, চানাচুর, জুস বিস্কুট, আচার ডালভাজা, সরিষার তৈল, ইত্যাদি) | প্রায় ৮০টি দেশ | চানাচুর এবং ডালের জন্য আফলাটক্সিন, আচার ও সরিষার তেলের জন্য ইউরেসিক এসিড মুক্ত টেস্ট রিপোর্টসহ PC থাকতে হবে। | এ সব পণ্য সকল মার্কেটের জন্য প্রযোজ্য | |
| ৯। | **প্রক্রিয়াজাতকৃত মশলা** (হলুদ,মরিচ, ধনিয়া ইত্যাদি) | ঐ | সুদান ডাই, হেভী মেটাল মুক্ত মর্মে টেস্ট রিপোর্টসহ PC থাকতে হবে। | ঐ | |
| ১০। | **ফ্রোজেন ফুড** (শাক-সবজি ফলমূল এবং অন্যান্য খাদ্য দ্রব্য যেমন সিংগাড়া, রুটি, পরেটা, সমুচা, পুরী ইত্যাদি) | ইউএসএ, কানাডা, ইইউ, মধ্যপ্রচ্য এবং এশিয়ার বিভিন্ন দেশ | উদ্ভিদ স্বাস্থ্য সনদ এবং উন্নত প্যাকেজিং | ঐ | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১। | **উড প্যাকেজিং ম্যাটারিয়ালঃ**( পাট জাতীয় পন্য, যন্ত্রপাতি ইত্যাদি প্রেরণের জন্য ব্যবহৃত প্যাকেজিং কভার) | পৃথিবীর সকল দেশ | IPPC কর্তৃক অনুমোদিত Heat Treatment বা Dielectric Treatment কিংবা Methyl Bromide ইত্যাদির যে কোন একটি দিয়ে শোধন করতে হবে যাতে ব্যবহৃত কাঠে কোন প্রকার ছিদ্রকারী পোকা বা অন্যান্য বালাই না থাকে এবং প্রেরিত প্যাকেজিং ম্যাটারিয়ালে অবশ্যই IPPC কর্তৃক Adopted ISPM-15 এর লোগো সহ PC থাকতে হবে। | - | ISPM-15 এর লোগো অদ্যাবধি রেজিস্ট্রেশন করা হয়নি ফলতঃ উড প্যাকেজিং ম্যাটারিয়াল ব্যবহার করে পণ্য প্রেরণ ঝুঁকিতে রয়েছে। |
| ১২। | **তামাক** | ইইউ, ব্রাজিল, ইউএসএ | গুদামজাত জাতীয় পোকা যেমনঃ (*Lasioderma serricorne*) মুক্ত মর্মে PC থাকতে হবে। | | |
| ১৩। | **১২.অন্যান্য দ্রব্যাদি** | বিভিন্ন দেশ | আমদানীকারক দেশের সুনির্দিষ্ট শর্ত পূরণ সাপেক্ষে PC। | | |

# বাংলাদেশে আমদানীকৃত উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্যের Phytosanitary Import Requirements দেখানো হলেঃ

| ক্রঃনং | উদ্ভিদ ও উদ্ভিদজাত পণ্যের নাম | রপ্তানিনিকারক দেশের নাম | **Phytosanitary Import Requirements** | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | **দানাদার শস্য** (চাল, গম, ভুট্টা) (ভোগ্যপণ্য হিসেবে ব্যবহারের জন্য আমদানি) | ভারত, পাকিস্তান, ভিয়েতনাম, থাইল্যান্ড, অস্ট্রেলিয়া, কানাডা, ইউএসএ, রাশিয়া, ব্রাজিল, আর্জেন্টিনা, ইউক্রেন, উরুগুয়ে ইত্যাদি দেশ | Granary weevil *(Sitophilus granarius)* সহ জীবন্ত পোকা মুক্ত মর্মে PC । প্রয়োজনে ফিউমিগেশন। | Import Permit বা IP তে আমদানি শর্ত উল্লেখ থাকে। |
| ২। | **ধান বীজ** (হাইব্রীড) | চায়না, ভারত,ফিলিপাইন | আমদানি অনুমতিপত্র (IP) থাকতে হবে এবং আমদানীকৃত হাইব্রীড বীজ ধানে Sheath blight এবং hoja blanca virus নাই মর্মে PC সহ ধান বীজের জন্য নির্ধারিত Hot water treatment at 52$^o$-57$^o$ C for 15 minutes and or seed dressing with benalate (Carboxynilide Group Fungicide) @ 1 gm./1000 gm. of seeds উল্লেখ থাকতে হবে। | উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা-২০১৫ এর খসড়া প্রণীত হয়েছে। চুড়ান্ত বিধিমালা সহসাই প্রকাশিত হবে। উক্ত বিধিমালার শিডিউল-২ এ বাংলাদেশে আমদানীকৃত এবং আমদানীযোগ্য সকল ফসলের Phytosanitary Import Requirements দেয়া থাকবে। |
| ৩। | ভুট্টা বীজ | ভারত, চায়না, থাইল্যান্ড ইত্যাদি দেশ | Bacterial wilt, Bacterial Leaf blight or Stewart's disease ইত্যাদি বালাই মুক্ত মর্মে PC। | |
| ৪। | আলু বীজ | নেদারল্যান্ড, ফ্রান্স, জার্মানী, ইউএসএ | আমদানি অনুমতিপত্র (IP) থাকতে হবে এবং আমদানীকৃত বীজ আলুতে গোল্ডেন নেমাটোড, ব্ল্যাকওয়ার্ট, কলারোডো পটেটো বিটল, ভাইরাস এক্স নাই সহ আলুর উৎপাদন এলাকা নিয়মিত পরিদর্শণ করা হয়েছে মর্মে PC তে উল্লেখ থাকতে হবে । | |
| ৫। | **অন্যান্য বীজ** (বিভিন্ন প্রকার শাক- সবজি বীজ) | ভারত, থাইল্যান্ড, জাপান, চায়না, তাইওয়ান ইত্যাদি দেশ | আমদানি অনুমতিপত্র (IP) থাকতে হবে এবং বীজের প্রকার অনুযায়ী আমদানীকৃত বীজ সংশ্লিষ্ট বালাই মুক্ত থাকতে হবে মর্মে PC তে উল্লেখ থাকতে হবে এবং ঘাস বীজ মুক্ত হতে হবে। (উদ্ভিদ সংগনিরোধ বিধিমালা এর শিডিউল-২ দ্রষ্টব্য)। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | **৫. লেবু জাতীয় ফল** (কমলা,মাল্টা,ইত্যাদি) | চায়না, আর্জেটিনা, ব্রাজিল, মিশর, ভারত, পাকিস্তান, ভুটান, অস্ট্রেলিয়া, ইউএসএ | আমদানি অনুমতিপত্র (IP) থাকতে হবে এবং পিসিতে ও বাস্তবে নিম্নলিখিত হারে কোল্ড ট্রিটমেন্ট উল্লেখ থাকতে হবে। Pre-shipment cold treatment at $0^{O}$C or below for 10 days; $0.55^{O}$C or below for 11 days; $1.1^{O}$C or below for 12 days plus in-transit refrigeration against Mediterranean fruit fly and $0^{O}$C or below for 13 days; $0.55^{O}$C or below for 14 days; $1.1^{O}$C or below for 18 days plus in-transit refrigeration against Queensland fruit fly তা ছাড়া CBS নাই মর্মেও উল্লেখ থাকতে হবে। | |
| ৭। | **আপেল** | চায়না, আর্জেটিনা, ব্রাজিল, মিশর, ভারত, পাকিস্তান, ভুটান, অস্ট্রেলিয়া, ইউএসএ | আমদানি অনুমতিপত্র (IP) থাকতে হবে এবং পিসিতে ফ্রুট ফ্লাই সহ রোগ-বালাই নাই মর্মে উল্লেখ সহ কনটেইনার কোল্ড ট্রীটেড অবস্থায় থাকতে হবে। | |
| ৮। | **অন্যান্য তাজা ফল** (আম, বেদানা, আংগুর, নাশপাতি, রামবুটান, ড্রাগন ফল,ম্যাংগোস্টীন ইত্যাদি ফল) | ভারত, পাকিস্তান, থাইল্যান্ড, মিশর, মালয়েশিয়া, ইন্দেনেশিয়া, ভিয়েতনাম ইত্যাদি দেশ | আমের জন্য ফ্রুট ফ্লাই, পাল্প উইভিল, আংগুর, ড্রাগন, রামবুটানের জন্য মিলিবাগ, ফ্রুট ফ্লাই এবং অন্যান্য ফলের জন্য থ্রিপস্, মিলিবাগ ইত্যাদি বালাই সহ অন্যান্য রোগ-বালাই মুক্ত মর্মে PC তে উল্লেখ থাকতে হবে। | |
| ৯। | **অন্যান্য শুকনা ফল** (খেজুর,বরই,তেঁতুল ইত্যাদি) | মধ্যপ্রাচ্য, ভারত, মিয়ানমার, পাকিস্তান, থাইল্যান্ড | মাটি সহ রোগ-বালাই মুক্ত মর্মে PC তে উল্লেখ থাকতে হবে। | |
| ১০। | **তুলা** | উত্তর আমেরিকা ও এর আশেপাশের এলাকা, দীপপুঞ্জ (ওয়েস্টার্ণ হেমিস্পেয়ার) , ইউক্রেন, ভারত, মিশর, পাকিস্তান, জিম্বাবুয়ে, উজবেকিস্তান ইত্যাদি দেশ | ওয়েস্টার্ণ হেমিস্পেয়ার এলাকার তুলায় ফিউমিগেশন অত্যাশ্যকীয় কারন তারা অদ্যাবধি কটন বল উইভিল Eradicate করতে পারেনি। অন্যান্য দেশের তুলায় বালাই নাই মর্মে PC তে উল্লেখ থাকতে হবে। | |
| ১২। | **ডাল জাতীয়** (মসুর,ছোলা ডানপিচ, ইয়োলোপিচ, ইত্যাদি) | কানাডা, অস্ট্রেলিয়া, ইউএসএ, মিশর, তুরস্ক, নেপাল ইত্যাদি দেশ | ব্যাকটেরিয়াল ব্লাইট, এনথ্রাকনোজ, ডাউনি মিলডিউ, রাস্ট, কান্ড ও বাল্ব নেমাটোড ইত্যাদি রোগ সহ গুদামজাত পোকা মুক্ত থাকতে হবে। | |
| ১৩। | **তৈল জাতীয়** (সরিষা,সয়াবীন কোপড়া ইত্যাদি) | কানাডা, অস্ট্রেলিয়া, ইউএসএ, মিশর, তুরস্ক, নেপাল ইত্যাদি দেশ | ঐ | |
| ১৪। | **মসলা জাতীয়** (পিঁয়াজ,আদা,রসুন মরিচ,ধনিয়া,জিরা এলাচ,দারুচিনি কিসমিচ ইত্যাদি) | চায়না, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ভারত, মিশর থাইল্যান্ড, পাকিস্তান, তুরস্ক, মিয়ানমার ইত্যাদি দেশ | আদা, হলুদ, পেয়াঁজ, রসুন ইত্যাদি মসলা অব্যই মাটি সহ কান্ড ও বাল্ব নেমাটোড মুক্ত এবং লীক, স্মাট এবং মরিচ এন্থ্রাকনোজ ও মোজাইক ভাইরাস ইত্যাদি বালাই মুক্ত সহ মাটি নাই মর্মে পিসি থাকতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬। | **ষ্টার্চ** (টপিওকা,মেইচ পটেটো,সাগুদানা পটেটো,আনগক পাউডার ইত্যাদি) | চায়না, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ভিয়েতনাম থাইল্যান্ড, ইত্যাদি দেশ | বাল্াই মুক্ত মর্মে PC থাকতে হবে | |
| ১৭। | **নারিকেল (নাট/চারা** | ভারত,থাইল্যান্ড,মালেশিয়া,শ্রীলংকা | ওয়েষ্ট ইন্ডিস,ফিলিপাইন, মালেশিয়া, শ্রীলংকাএবং দক্ষিন ভারত ছাড়া অন্যান্য এলাকা থেকে ১০০টি পর্যন্ত নাট/চারা কতিপয় বালাইমুক্ত শর্তসাপেক্ষে আনা যাবে । | |
| ১৮। | **কাঠ** (সেগুন,গর্জন, পাইন, লোহা অন্যান্য) | মায়ানমার, কানাডা, নেদারল্যান্ড, জার্মানী, ফ্রাঞ্চ, চিলি, আর্জেটিনা, নাইজেরিয়া ইত্যাদি | বাকলমুক্ত, বোরিং বিটল, পাইনউড নেমাটোড মুক্ত সহ সুপারিশকৃত মাত্রা অনুযায়ী ফিউমিগেশন করা হয়েছে মর্মে PC থাকতে হবে | |
| ১৯। | **সব্জী ঃ** (টমেটো, গাজর, কাচা-মরিচ সাতকরা ইত্যাদি) | ভারত, থাইল্যান্ড, চায়না ও অন্যান্য দেশ | লীক, স্মাট এবং মরিচ এন্থ্রাকনোজ কালোদাগ রোগ এবং মোজাইক ভাইরাস ইত্যাদি বালাই মুক্ত সহ কান্ড ও বাল্ব নেমাটোড মাটি মুক্ত মর্মে পিসিতে উল্লেখ থাকতে হবে। | |
| ২০। | **কাট ফ্লাওয়ার** | থাইল্যান্ড, চায়না | থ্রিপস্, ব্লাইট, মিলিবাগ সহ অন্যান্য বালাইমুক্ত মর্মে PC থাকতে হবে | |
| ২১। | **১৬. খৈল/ভুসি জাতীয়** | ভারত, মিয়ানমার | বাল্াই মুক্ত সহ মাটি নাই মর্মে PC থাকতে হবে | |
| ২২। | **১৬.ঔষধী/ভেষজ** ও অন্যান্য | ভারত, পাকিস্তান, চায়না, থাইল্যান্ড, ভিয়েতনাম | বাল্াই মুক্ত সহ মাটি নাই মর্মে PC থাকতে হবে | |